# সাময়িক ব্যাপার , A Translation

Of

**Jhumpa Lahiri's "A Temporary Matter"**

East West University ★ EAST WEST LIBRARY ★ 43, Mohakhali, C/A

<u>**Submitted to:**</u>

**Dr. Fakrul Alam**

Professor

Department of English

East West University

<u>**Submitted by:**</u>

**Mahbuba Sultana**

ID:2006-3-93-003

RECEIVED 0 5 JUL 2011

Date of Submition :July 28,2009

# ACKNOLEDGEMENT

Thanks to all who showed me the right direction to words the discipline of ;lation Studies and helped me completing this dissertation .I am grateful my visor, Dr.Fakrul Alam who has given me such an opportunity to take this task as as for his support and suggestions .His belief in my potentiality and his valuable line helped me to lead this dissertations to beautiful end .His course "Translation es" inspired me to choose this topic and eventually provided me all kind of material plore and enrich this topic. I am also grateful to my mom, for help and cooperation g my dissertations.

Thanks to the Department of English, East West University .But first and ıost thanks go to my Allah who always with me in good times and bad .And then my ts with all support and love, without whom I am nothing .Without all of their rt and guideline, I could not have accomplished my task and come to this position .

Thank you.



East West University
EAST WEST
LIBRARY
43, Mohakhali, C/A

# TABLE OF CONTENT


- Introduction
- সাময়িক ব্যাপার
- Bibliography

East West University
EAST WEST LIBRARY
43, Mohakhali, C/A

umpa Lahiri is one of the finest short story writers I have read. She is the kind who makes people to finish a book in one setting. Because her story make azy to know the main theme and ending. She is a dazzling storyteller with a e voice , an eye for nuance ,an ear for irony.

ahiri was born in London, England in 1967.She is the daughter of Bengali Indian ts. Her family moved to the United States when she was three. Lahiri considers American. Lahiri grew up in Kingston, Rhode Island, where her father worked rian at the University of Rhode Island; the protagonist of Lahiri's story "The Final Continent" is based on her father. Lahiri's mother wanted her children to knowing of their Bengali heritage, and her family often visited relatives in India.

ahiri received multiple degrees from Boston University: an M.A. in English, an Creative Writing, an M.A. in Comparative Literature and a Ph.D. in Renaissance She took up a fellowship at Provincetown's Fine Arts Work Center, which lasted ext two years (1997–1998). Lahiri taught creative writing at Boston University hode Island School of Design.

2001, Lahiri married Alberto Vourvoulias-Bush, a journalist who was then ditor of TIME Latin America (and is now Executive Editor of El Diario/La ew York's largest Spanish daily and America's fastest growing newspaper). ahiri lives in Brooklyn, New York with her husband and their two children, . 2002) and Noor (b. 2005).Her debut work, *Interpreter of Maladies*, won rds, including the Pulitzer Prize for fiction in 2000. Her second publication is sake".

mpa Lahiri in 1999 quietly exploded onto the literary scene and it appears her has shown no signs of slowing down. Readers seem to be mesmerized by

's writing, and their curiosity brings her audience together. It is difficult to compare 's work to many other Indian or Indian-American authors. It is very difficult to pe their similarities due to Jhumpa Lahiri's broad subject matter. The conflicts her ters face, such as struggles with interpersonal relationships and stress of daily nce, are universal themes to which almost anyone can relate.

Lahiri is able to demonstrate her point in writing by merely mentioning the issue character is facing. This is a technique that is present in much of her writing. She ole to draw her readers into the story not only through her detail but also by making eel the emotional, physical, and mental needs of the characters.

Both *Interpreter of Maladies* and *The Namesake* contain themes of conflict in nships between couples, families, and friends. Through these relationships she es ideas of isolation and identity, both personal and cultural. The characters in both frequently encounter crises of identity, which are tied to their inability to reconcile American identity with their Indian identity. Particularly in the short fiction of *reter of Maladies*,Jhumpa Lahiri often leaves these crises unresolved. As a result, ork gives us a rather bleak outlook on the future of her characters. We might e that this reflects some of Jhumpa Lahiri's concerns about their real-life ues. She often correlates her characters' cultural isolation with extreme personal on, suggesting that the cultural isolation causes the personal. The instances in this cultural isolation are resolved or avoided are generally accompanied by a resolution or avoidance of personal isolation.

Translation studies is a new discipline in the field of knowledge. Emerging in the 970s, it has been eventually taken seriously because of its scientific method, edented activities and its noble intentions. The purpose of translation is not only to bridge between humanity and culture of different countries and different ages but spread knowledge in different directions to shape the future. Thus this discipline

ovides a very pragmatic and practical strategy to continue the process of translating ts.

I have several reasons for selecting this story, A Temporary Matter. First of all, A mporary Matter has not been translated by anyone either in Bangladesh or in West ngal. So, it is quite challenging and at the same time enjoyable to be the first translator Lahiri in Bengali. Secondly, in spite of its western setting and plot, this story seems te suitable for our own setting. The universal appeal of this story makes it applicable our country. I believe that this story will receive natural acceptance and credibility in tradition and culture. This story is realistic and the characters would not be misfits in social context. Thirdly, though a translation is considered to be inferior to the original t, by translating "A Temporary Matter". I intend to bridge two languages and cultures. ce both my target readers and audiences are Bengali speaking people of Bangladesh, aim is to make our people familiar with the outstanding work of Jhumpa and enrich literature, Moreover, I believe that it will create some interest in the mind of our ople about Lahiri and her work, and that they will be eager to know more of her other rk.

Like other translators, I have applied some particular rules and theories in nslation Lahiri's "*A Temporary Matter*" in the process of translation, I have also faced eral problems, which I have overcome tactfully.

As my target audiences are Bengalis, I have given special attention to everyday guage of Bengali. I have tried to use the language of the middle-class. I have nslated the dialogues conversationally and informally.

Translation shift is an unavoidable phenomenon that occurs because SL elements not be translated accurately because of all sorts of differences and problems. Every nslator has to face these problems and solve them by recognizing the shifts through gotiation and by taking alternative ways out. Like other translators, I found some urmountable difficulties in translating this story. However, I have accepted the

ievitability of translation shifts and have translated the story according to the social ontext of our country.

In our country, we use many English words frequently in our day-to-day life. hese words have got natural acceptance in our conversation and have become part in our fe. So, in my translation, I have done some borrowing, for instance ওয়ালপেপার- প্যাটার্ন, নটিস্ট, কনফারেন্স not only adaptation and borrowing, in my translation, I have applied the rocedure of transposition that involves replacing one word class into another without ranging the meaning of the words.

Last but not least, every translation is associated with loss and gain. Even an xpert translator cannot avoid loss in translation. But he or she can strive to compensate is loss and simultaneously for gain. This project is not an exception. I have endeavored stay away from loss. To some extent, I successful, but it is also true some parts of this ory have faced problem that I could not avoid. In order to make this story appropriate r our social context, I had to change some of the original context. That can be onsidered as loss, but if we scrutinize it largely, we will find that this gain is more than e loss. Through this translation, it has become possible to recreate and bring this mous story of Jhumpa Lahiri to Bangladesh.

On the whole, the complete translation of "A Temporary Matter" is the outcome the application of different procedures of Translation Studies. Every single page of this roject bears the result of these procedures. No doubt different translators would translate is story in different ways although the invariant core would always be the same. ranslating this story was a challenging job for me but it is also true that I have enjoyed oing this project.

East West University EAST WEST LIBRARY 43, Mohakhali, C/A

# সাময়িক ব্যাপার

টিতে জানানো হয়েছিল এটা একটা সাময়িক ব্যাপার। পাঁচ দিন রাত ৮টা থেকে এক ঘন্টা কবে না। শেষ যেবার তুষার ঝড় হয়েছিল তার পর থেকে লাইন নষ্ট হয়ে আছে। লাইন মিস্ত্রি জ লাগাবে লাইন ঠিক করার জন্য। এই দিন কাজের মধ্যে পরবে নিরিবিলি গাছের সারি দেয়া াড়ি গুলোর কাছে নিরেট ইটের তৈরি একটি দোকান এবং ঠেলাগাড়ি রাখার স্ট্যান্ড, হেঁটেই খানেই সুকুমার এবং শোভা গত তিন বছর ধরে থাকছে।

া থেকে জানিয়ে দিয়ে ভালই করেছে" শোভা নোটিশটি পড়ার পর কথাটা সুকুমারকে যতটানা নিজেকে বলল। শোভা ফাইল ভরা মোটা ব্যাগটা কাঁধ থেকে নামিয়ে রেখে রান্না ঘরের দিকে সে ধূসর রং এর উলেন প্যান্ট এবং সাদা গেঞ্জির উপর নেভি ব্লু পপলিনের রেইনকোট পরে দখে বোঝার উপায় নেই যে তার বয়স ৩৩ বছর। যদিও সে সবসময় বলে সে অন্য মেয়েদের ার চেষ্টা কখনই করে না। সে জিম থেকে মাত্র ফিরেছে। শোভার ঠোঁটের কিনারে ক্যানবেরী মাত্র লেগে আছে। তার চোখের কোল ঘেষে কাজল লেগে আছে। সুকুমার ভাবছিল শোভাকে নই দেখায়। অনেক রাতে কোন পার্টি অথবা বার থেকে ফিরে মুখ না ধূয়েই সুকুমারের বাহু াড়ে। পরদিন ভোর বেলা শোভাকে এমন দেখায়।শোভা বেশ কিছু চিঠিপত্র না খুলেই টেবিলে তবে চোখ তখনো নোটিশটির দিকে। " এই কাজটা তারা দিনের বেলায় করতে পারত" । া। " তুমি বলতে চাচ্ছ আমি কখন বাসায় থাকব" , সুকুমার ভেড়ার মাংস রান্নার পাত্রের হল, যাতে মাংসের পানিটা একবারে শুকিয়ে না যায়, যাতে আস্তে আস্তে ভাপে রান্না হয়। য়ারী থেকেই বাড়ীতে থেকে পড়ালেখা করছে। সে ইন্ডিয়ার ভূমি বিদ্রোহের ইতিহাসের উপর থিসিসের শেষ অংশ লেখা এখন বাকী । কখন থেকে মেরামতের কাজ শুরু করবে সুকুমার

ান বাড়ীতেই ছিল। গত কালও সে বাড়ীর কাহিরে বের হয়নি। তার আগের দিনও না। শোভা যতই একটার পর একটা কাজ নিয়ে ব্যাস্ত থাকে সুকুমার ততই বাড়ীতে থাকে। সুকুমার কিছুতেই বাইরে চায় না। এমনটি চিঠিপত্র এবং ট্রলি-স্ট্যান্ডের পাশের দোকান থেকে ফল বা ওয়াইনও আনতে যায় না।

মাস দু এক আগের কথা সেপ্টেম্বরে সুকুমারকে বালটিমোরে একটি কনফারেন্সে যেতে হয়েছিল। তখন অন্তঃসত্ত্বা ছিল। বাচ্চাটা নির্ধারিত তারিখের তিন সপ্তাহ আগেই হয়েছিল। শোভাকে এভাবে একা সুকুমার যেতে চায় নি। শোভা এক রকম জোড় করেই তাকে পাঠিয়ে ছিল। আগামী বছর তো রকে চাকরির জন্য চেষ্টা করতেই হবে। শোভা সুকুমারকে আস্বস্ত করেছিল যে তার কাছে সুকুমারের লের নাম্বার, ফ্লাইট সিডিউল নাম্বার সব ছিল আর তা ছাড়া শোভা তার বন্ধু জিলিয়ানকেও বলে রেখেছিল গান মুহূর্তে শোভাকে নিয়ে হাসপাতালে যেতে হতে পারে। সুকুমারের ট্যাক্সিটা যখন এয়ার পোর্টের শ্য ছেড়ে যায় শোভা তখন হাত নেড়ে বিদায় জানায়। সে এমন ভাবে টিবির মত উচু পেটের উপর হাত দাড়িয়ে ছিল, যেন ওটা শরীরের একটা স্বাভাবিক অংশ।

সুকুমারের বারবার শোভার কথাই মনে পড়ছিলো শেষবার যখন সে শোভাকে দেখেছিল শোভা তখন ত্ত্বা। সুকুমারের মনে আছে লালের উপর নীল লেখা স্টেশান ওয়াগান ট্যাক্সিতে বেশ আরাম করেই ল। সুকুমার ছয় ফিট লম্বা তার হাত দুটোও বেশ লম্বা তারপরও সে জিন্সের পকেটে হাত ঢুকিয়ে র পেছনের সিটে বেশ আরাম করেই বসে ছিল। সে যেন সিটে প্রায় ডুবিয়ে যাচ্ছিল। ট্যাক্সি যখন বেকন এসে গতি কমাল, তখন সে কল্পনা করতে লাগল যে তাদেরও হয়তো এই রকম স্টেশান ওয়াগন একটি কিনতে হবে। বাচ্চাদের আনা নেওয়ার জন্য, গান শিখতে যাওয়া , ডেন্টিস্টের কাছে যাওয়া ইত্যাদির একটি গাড়ি দরকার হবে। সুকুমার একটি দৃশ্য কল্পনা করতে লাগল, সে গাড়ি চালাচ্ছে , শোভা তার বসে আছে। তার হাতে রয়েছে বাচ্চাদের জুসের বক্স। সুকুমারের চিন্তায় হঠাৎই বাধা পরে। সে কিছুটা হয়ে পরে কারন ৩৫ বছর বয়েসে সে এখনো ছাত্র। কিন্তু তারপরও শরতের সুন্দর সকালে গাছেরা নতুন পাতায় ভরে আছে সুকুমারও প্রথম বারের মত তার কল্পনাকে স্বাগত জানায়।

সুকুমার যখন ফোন নাম্বারটি পেল তখন সে কনফারেন্স রুমে। একজন কর্মচারী তাকে খুঁজে বের ফোন নম্বরটি দিয়েছিল। শুধু নম্বরটি দেখেই সুকুমার বুঝতে পারে এটি হাসপাতালের ফোন নম্বর। সে বোষ্টনে পৌঁছায় তখন সব শেষ। শোভার মত বাচ্চা হয়েছিল। সুকুমার যখন শোভার কাছে পৌঁছায়

এবং ভালো হতে সময় লাগবে। ডাক্তার সুকুমারকে বলেছিলেন এই সময় এমন হওয়াটাই খুব ক। সুকুমার বলার মত কোন কথা খুঁজে পেল না। একটু হাসল। শোভা সপ্তাহ খানিকের মধ্যেই সুস্থ ঠল। শোভা ভবিষ্যতে মা হতে পারবে তাতে কোন সন্দেহ নেই।

ঐ ঘটনার পর থেকে, শোভা সুকুমারের ঘুম থেকে উঠার আগেই কাজে চলে যেত। সুকুমার ঘুম জেগে শোভার বালিশের উপর ঝোড়ে পরা লম্বা চুলের দিকে তাকিয়ে থাকত। সুকুমার ঘুম থেকে উঠতে শোভার তিন কাপ কফি খাওয়া হয়ে যেত এবং সে ডাউন টাউনের অফিসে চলে যেত। শোভা পাঠ্য ভুল বের করার একটি কাজ করছিল। একবার কথায় কথায় এই বিষয়ে সুকুমারকে বলেছিল, রের থিসিসের ভুলগুলো বের করতে সে সাহায্য করবে। সুকুমারও রাজি হয়েছিল শোভার কথায়, যদিও ার স্বভাবের বাইরে। সুকুমার একজন মোটামুটি গোছের ছাত্র সে সব সময় যা শেখে শুধু শেখার জন্যই তার বাড়তি কোন কৌতুহল নেই কোন কিছু নিয়ে। সেপ্টেম্বরের মধ্যে তার থিসিসের কাজ শেষ করার কিন্তু আলসেমী যেন তাকে পেয়ে বসেছে। সুকুমার অনেক বেলা পর্যন্ত বিছানায় শুয়ে থাকে। শুয়ে শুয়ে আলমারীর ভিতর তাকিয়ে জ্যাকেট ও প্যান্টগুলো থেকে বাছতে থাকে সে কি পড়ে ক্লাসে যাবে। যখন মারা যায়, তখন অনেক দেরী হয়ে গিয়েছিল ডিউটি থেকে তার নাম কেটে নেওয়ার। সুকুমারের াইজার সব জানতেন, তাই তিনি পরের সেমিষ্টারের জন্য সুকুমারের সব ঠিক করে দিয়েছেলেন। ট স্কুলে সুকুমার ছয় বছর ধরে আছে। সুকুমারের এ্যাডভাইজার বলেছিলেন আগামী সেপ্টেম্বরের মধ্যে থিসিস শেষ করতে হবে। তিনি আরও বলেছিলেন, তাদের বাচ্চাটা মারা যাওয়া এবং গ্রীষ্ম সেমিষ্টারটা াকে একটি ভাল ফলাফল এনে দেবে।

কিন্তু কোন কিছুই সুকুমারকে সাবধান করতে পারেনি। বরং সুকুমার সব সময় শোভাকে এড়িয়ে চেষ্টা করত। তারা চেষ্টা করত একজন এক তলায় থাকলে অপর জন দোতলায় থাকার। সুকুমার ছুটির জন্য এখন আর অপেক্ষা করে না। কারণ এখন ছুটির দিনগুলোয় শোভা তার কাজ নিয়েই ব্যস্ত থাকে। রর খুব মনে পড়ে তাদের সেই একান্ত মুহূর্তগুলোর কথা। যখন দুজন দুজনার চোখের দিতে নিঃস্পলক থাকতে থাকতে হঠাৎ হাসত; অথবা একজন আর একজনের আদর নেবার সময় শোভা যখন স করে সুকুমারের নাম ধরে ডাকত, সুকুমারের খুব ভালো লাগত।

ন দুপুরের খাবার সময় হয়ে যেত। সুকুমার কফির মগ হাতে নিয়ে নিচে নামত ততক্ষনে শোভা ার শেষ করে সুকুমারের খাবার ঢেকে রেখে কাজে চলে যেত।

কুমার পেয়াজের খোসা এবং সাথে ভেড়ার কিছু চর্বি হাত থেকে ময়লার ঝুড়িতে ফেলল। তারপর ঙ্ক এর কাছে গেল ছুরি এবং কাটার বোর্ড ধুতে। একটু করে লেবু ঘষে নিল রসুনের গন্ধ দূর করে ন্য। এই বুদ্ধিটা সে শোভার কাছ থেকে শিখেছে। ৭:৩০ বাজে। জানালা দিয়ে তাকাতেই সে দেখতে পেল। বাইরে আবছা অন্ধকার। ফুটপাতের উপর তখনও তুষার জমে আছে। তারপরও ট এবং হাত মোজা ছাড়াই চলাফেরা করছে। খুব বেশী হলে তিন ফুটের মত তুষার জমেছে শেষ য়। সপ্তাহ খানেকের মধ্যেই তুষার গলে যাবে এবং মানুষজন আগের মতো ঠিকভাবে চলাফেরা রবে। এটা সুকুমারের বাইরে বের না হওয়ার একটা অজুহাত ছিল মাত্র। সুকুমার শোভাকে উদ্দেশ্য , "রাতের আগে ভেড়ার মাংস হবেনা, অন্ধকারেই আমাদের খেতে হবে।"

আমরা মোমবাতি জ্বালিয়া নেব" শোভা বলল। শোভা চুলের ক্লিপ খুলে কুন্ডলী পাকানো চুল ছাড়াতে ায়ের সাহায্যেই জুতো খুলে ফেলল।
লে যাওয়ার আগেই আমি গোসল সেরে নিচে আসছি" বলে শোভা সিড়ির দিকে চলে গেল।

ুকুমার শোভার ব্যাগ ও জুতো জোড়া ফ্রিজ এর কাছে সরিয়ে রাখল। শোভা আগে এমন ছিল না। স গুছিয়ে রাখত। কোট হ্যাঙ্গারে ঝুলিয়ে রাখত, জুতো জোড়া আলমারীতে ঢুকিয়ে রাখত। বিল থে সাথেই পরিশোধ করে ফেলত। আর এখন সে বাড়ীকে বাড়ী নয় হোটেল হিসাবে দেখা শুরু কোন কিছুই আর আগের মত শোভার ভাল লাগেনা। হলুদ প্রিন্টের কাপড়ে মোড়া আরাম চেয়ার যা ানান বসবার ঘরের নীল এবং মেরুন টার্কিশ কার্পেটের সাথে। এগুলো আর শোভাকে আর্কষন করে নের পোর্চ এ একটা ব্যাগে কিছু লেছ, কাপড় জমানো আছে। যা দিয়ে পর্দা বানানোর কথা ছিল। ঐ

রাখে। তা সে শার্টই হোক বা ব্যাগই হোক। শোভা তার বোনাস সব সময় আলাদা একাউন্টে রাখে। র অবশ্য কোন কিছু মনে করে না। কারণ সুকুমারের বাবা মারা যাওয়ার পর সে তার মায়ের কষ্টটা ছ। তাই সুকুমার নিজেকে স্বাবলম্বী করার জন্য কলকাতায় চলে যায়। শোভার সুদূর প্রসারী াবনাকে খুব পছন্দ করে এবং সমর্থন করে। শোভা যখন বাজার করে তখন সে অলিভ অয়েল এবং কর্ন একটু বেশী করে কিনে রাখে। আবহাওয়া বুঝে কখনো ইন্ডিয়ান, কখনো ইটালিয়ান রান্না করে। াও শোভা সব সময় বিভিন্ন রকম ও রং এর পাস্তা, বাসমতি চাল, ভেড়া ও খাসির গোস্ত মুসলমান দের কাছ থেকে কিনে প্লাষ্টিকের বক্সে করে ডীপফ্রিজে রেখে দেয়।

প্রত্যেক শনিবারে তারা ভাড়ার/ষ্টোর রুম পরিষ্কার করত। শোভার রসদ-ভান্ডারে প্রচুর পরিমাণে থাকে সবসময়। তারপরও শোভা প্রতি সপ্তাহে নতুন করে বাজার করে। সুকুমার তখন প্রচন্ড ভিড়ের ক্যানভাসের বড় ব্যাগ নিয়ে শোভার পেছনে পেছনে ঘুরে বেড়ায়। শোভা সকালে চড়া রোদে ঘুরে ঘুরে দোকান থেকে, দর কষাকষি করে জিনিস কেনে। দোকানগুলোতে ছোট ছোট ছেলেরা কাজ করে। প্যাকেটে মোড়া ফল এবং সবজি খুলে খুলে সাজিয়ে রাখে। ছেলেগুলো এতই ছোট যে কারো কারো াত্র দাঁত পড়েছে। শোভা একটু তাজা জিনিস কেনার জন্য দোকানে সাজাবার আগেই জিনিস কিনত। ান কিছুই খেয়াল করত না। যখন তার বাচ্চা পেটে ছিল তখনও তার কোন অসুবিধা হতো না। শোভার ছিল লম্বা ও চওড়া গোছের। কেনা কাটা শেষ করে যখন তারা বাড়ী ফিরত তখন তারা নিজেরাই খেয়াল না যে কত কিছু কিনেছে।

শোভা প্রচুর জিনিস কেনে ঠিকই কিন্তু কখনওই কোন কিছু নষ্ট হতে দিত না। বন্ধুদের আসার কথা ই শোভা অনেক কিছু রান্না করত। সে রান্না করত খুব যত্ন নিয়ে। অর্ধেক বেলাই চলে যেত শোভার করেতে। শোভা প্রচুর মসলা দিয়ে মাছ বা মাংস ম্যারিনেড করে রেখে রান্না করত। শোভা প্রতি াই এত রান্না করত যে বন্ধুরা মাঝে মাঝে খাবারের বহর দেখে বলতো, "আমরা তো ভাল আমাদের াতনীরাও খেতে পারবে। সুকুমার কথাগুলো ভাবতে ভাবতে দু'জনের জন্য রান্নার আয়োজন করতে । আজ রাতে আলো ছাড়াই দুজনকে এক সাথে খেতে হবে। অনেক দিন এক সাথে খাওয়া হয় না। যে ত খাবার নিয়ে একজন তার পড়ার ঘরে চলে যায় আরেকজন টিভির রুমে অথবা প্রুফ ফাইল নিয়ে বসে

কারণ এটা হয় দিনে মাত্র একবার, তাও শোভা যে জোড় করেই কাজটা করে সুকুমার তা ভালো করেই শোভা এক নজর রুমের ভেতরে চোখ বুলায়। এই রুমটা দু'জনে মিলেই সাজিয়েছিল, নানা রকম া, হাঁসের কার্টুন দিয়ে। জানালার পাশে একটা চেরী গাছ আছে যা কিনা আগষ্টের শেষে ফুল ধরার ঘরের পাশে হালকা সবুজ রঙের নবওয়ালা একটা টেবিল রাখা। শোভা হাসপাতাল থেকে ফেরার সুকুমার রুমের ভেতরটা কিছুটা পরিবর্তন করেছে। সে নিজের টেবিলটা এনে রেখেছে। কার্টুনগুলো রং কে দিয়েছে। এর অবশ্য একটা বড় কারণ আছে। আর কারণটা হচ্ছে সুকুমার এইরুমে থাকতে পছন্দ আর এইরুমে থাকলে শোভাকে কিছুটা এড়িয়ে চলা যায়।

সুকুমার রান্না ঘরে ফিরে ড্রয়ারে মোমবাতি খুঁজতে লাগল। ড্রয়ারে নানারকম জিনিসে ভর্তি। র, চামচ, পিরিচ যার অনেককিছুই শোভা কলকাতা থেকে কিনেছে। শোভা যখন রান্না করে তখনই ব্যবহার করে। সুকুমার একটা ব্যাটারী ছাড়া ফ্ল্যাশ লাইট এবং কিছু ছোট ছোট মোমবাতি যা কিনা ন জ্বালানো হয় তেমন কিছু মোমবাতি খুঁজে পেল। এই মোমবাতিগুলো শোভা সুকুমারের জন্মদিনের এনেছিল। প্রায় ১২০ জনের মত বন্ধু এবং তাদের বন্ধুদের দাওয়াত করা হয়েছিল। আর এখন ট সবাইকে এড়িয়ে চলা হয়। সেই পার্টিতে প্রচুর পানীয়ের ব্যবস্থাও করা হয়েছিল। শোভার তখন ৫ অন্তঃসত্ত্বা শোভা নিজের হাতে ভ্যানিলা ক্রীম কেক তৈরী করেছিল। সেদিন শোভা এবং সুকুমার সারাটা াতে হাত দিয়ে এক সাথে সবার মাঝে ঘুরে বেড়িয়েছে।

গত সেপ্টেম্বরের পর থেকে তাদের বাসায় একমাত্র মেহমান ছিলেন শোভার মা। শোভা হাসপাতাল ফেরার পর উনি এসে প্রায় ২ মাস শোভাদের সাথে ছিলেন। শোভার মা সারা বাড়ীর কাজ নিজের করতেন। বাজার করা, রান্না করা, কাপড় ধোয়া সব কাজই নিজে করতেন। শোভার মা খুব ধার্মিক ২ বেলা পূজা করতেন। প্রার্থনার সময় তিনি ভবিষ্যৎ বংশধরের জন্য শুভ কামনা করতেন।

সুকুমারের সাথে তার খুব একটা ভাল সম্পর্ক ছিল না। তাই বলে সম্পর্ক খুব খারাপও ছিল না। সে ার কাপড়-চোপড় থেকে শুরু করে সবকিছু খুব নিপূণ হাতে গুছিয়ে রাখতেন। সুকুমার এবং শোভার মধ্যে কখনোই শোভাকে নিয়ে কথা হত না। হঠাৎ সুকুমারই একদিন বাচ্চাটাকে নিয়ে কথা তোলে, মা তখন সেলাই করছিলেন। উনি সেলাই বন্ধ করে শুধু, বলেছিলেন "তুমি তো সেই সময় এখানে

সুকুমার অনেক খুঁজেও কোন মোমবাতি পেলনা। শোভার ভান্ডারে সবকিছু জমা থাকে। যদিও এই ম কোন পরিস্থিতির জন্য শোভা প্রস্তুর ছিল না। সুকুমার জন্মদিনের মোমগুলো রাখার জন্য কিছু একটা ছিল। সিঙ্কের পাশে জানালার উপর ছোট্ট আইভি টপ দেখতে পেল। টপের মাটিগুলো শুকিয়ে শক্ত হয়ে ছ। মোমগুলো লাগানোর আগে একটু পানি দিয়ে ভিজিয়ে নরম করে সুকুমার মোমগুলো লাগাল। মোম া টেবিলের উপর রাখতে গিয়ে হঠাৎ করে তার পুরোনো দিনের কথা মনে পরে গেল। সুকুমার এবং শোভা নে যখন প্রথম এই টেবিলে একসাথে বসে খেয়েছিল, তখন দুজনেই বিভোর ছিল নতুন জীবনের স্বপ্নে। র পর একসাথে থাকবে, একে অন্যকে সবসময় কাছে পাবে, সেই খুশিতে দুজনের খাওয়ার কথা মনেও তো না। এই সব চিন্তা করতে করতে, সুকুমার টেবিল সাজাতে লাগলো। এমব্রয়ডারী করা দুটো টেবিল ই রাখল যা বিয়ের সময় একজন মামার কাছ থেকে উপহার হিসেবে পেয়েছিল লাক্ষনৌ থেকে। এগুলো রেনত মেহমান এলেই বের করা হয়। সুকুমার টেবিলের মাঝখানে মোমবাতি দিয়ে সাজানো আইভি টপটা ল। জাজ ষ্টেশন ধরে, ডিজিটাল ক্লক রেডিওটা ছেড়ে দিল।

“এসব কি”, শোভা নিচে নামতে নামতে জিজ্ঞাসা করল। শোভার চুলগুলো মোটা সাদা টাওয়াল দিয়ে নো। শোভা টাওয়ালটা খুলে চেয়ারের উপর রাখল, তার ঘন-কালো চুলগুলো পিঠের উপর ছড়িয়ে পরল। ভা আনমনে চুলার দিকে এগিয়ে গেল রান্নার অবস্থা দেখতে। শোভা একটা গেঞ্জি এবং ঢোলা প্যান্ট এর র ফ্লানেনের হাউজকোট পরা। শোভার পেটে একটুও চর্বি নেই, আগের মত সমান হয়ে গেছে। শোভার মড়ও শুকিয়ে গেছে।

প্রায় ৮টা বাজে সুকুমার ভাত বেড়ে টেবিলে রেখে, মাংসের হাড়ী থেকে একটুকরা মাংস তুলে দেখল হয়েছে কিনা।

“রান্না, হয়ে গেছে”, শোভাকে উদ্দেশ্য করে বলল।

লাইট চলে যাওয়ার ঠিক আগ মূহুর্তেই মাইক্রোওয়েভ বন্ধ হয়ে গেল।

“যাক বাবা, একদম ঠিক সময় গেছে” শোভা বলল। “অনেক খুঁজে এই বার্থডের মোমগুলোই

"কোন ব্যাপার না, বরং এই পরিবেশই বেশি ভাল লাগছে", শোভা ওয়াইনের গ্লাসে হাত বোলাতে
তে বলল।

এই রকম পরিবেশে শোভা কেমন করে বসে সুকুমার তা জানে।
ক্রস করে, বা হাতটা টেবিলে রেখেই শোভা বসে।
পেয়ে গেল। সে ভেবেছিল বোতলটা খালি।

সুকুমার বোতলটা দু'পায়ে চাপ দিয়ে ধরে খুলে দুজনের গ্লাসে ওয়াইন ঢেলে নিল । সে ভয় পাচ্ছিল
টা খুললেই হয়তো ওয়াইন ছড়িয়ে পরবে । দুজনেই খাবার প্লেটে নিয়ে চামুচ দিয়ে নাড়াচাড়া করছে।
লো খুব ছোট তাই গলেও যাচ্ছে তাড়াতাড়ি। সুকুমার একটা করে মোম গলে যাওয়ার সাথে সাথেই
আরেকটা মোম জ্বালিয়ে দিচ্ছে।

শোভা খুব মনোযোগ দিয়ে সুকুমারের মোমবাতি গুলো জ্বালানো দেখছিল । সুকুমার প্রতিটি
তি শেষ হওয়ার সাথে সাথেই আর একটা ধরিয়ে দিচ্ছে খুব যত্ন নিয়ে । শোভা মোমগুলো দেখতে
তই বলল অনেকটা ইন্ডিয়ার মত অবস্থা।
কবার কি হয়েছে শোন, আমি একটা মুখে ভাত অনুষ্ঠানে গিয়েছিলাম। পুরোটা অনুষ্ঠানেই কারেন্ট ছিল
য় বাচ্চাটার মুখে ভাত অনুষ্ঠান ছিল, সেই বাচ্চাটা একনাগারে কেঁদেই যাচ্ছিল গরমের জন্য। শোভার
নতে শুনতে সুকুমারের নিজেদের বাচ্চাটার কথা মনে পড়ে যায়। তাদের বাচ্চাটা কখনোই কাঁদে নাই।
বাচ্চার হয়তো কখনো মুখে ভাত অনুষ্ঠান হবেও না । যদিও শোভা আগেই অনুষ্ঠানের লিষ্ট তৈরী করে
ছিল। ভাত অনুষ্ঠান
। শোভার খুব ইচ্ছা ছিল, শোভার তিন ভাই মিলে বাচ্চার মুখে প্রথম শক্ত খাবার তুলে দিবে।

"তোমার কি গরম লাগছে ?" সুকুমার শোভাকে জিজ্ঞাস করতে করতে তাদের সামনে থেকে আইভি
একপাশে সরিয়ে দিল। এতক্ষন মোমবাতি সামনে থাকাতে একে অপরকে স্পষ্ট দেখতে পাচ্ছিল না ।
মোমটা সরিয়ে দেবার সাথে সাথেই একে অপরকে স্পষ্ট দেখতে পাচ্ছিল। যা
কর। সুকুমার খুবই বিব্রত বোধ করছিল। কারেন্ট না থাকায় সে কম্পিউটারের সামনেও বসতে

"না গরম লাগছেনা , রান্নাটা খুবই দারুন হয়েছে। শোভা কাঁটা চামুচ দিয়ে নিজের প্লেটে মৃদু শব্দ করতে বলল। সুকুমার দুজনের গ্লাসে আবারও ওয়াইন ঢেলে নিল । শোভা গ্লাসটা নিতে নিতে রকে ধন্যবাদ জানাল। দুজনের একজনও আগে এমন ছিলনা । খাওয়ার সময় গল্প করত হাসাহাসি । কিন্তু এখন পুরো ব্যাপারটা কেমন যেন হয়েগেছে।

শোভার দেওয়া ধন্যবাদের উত্তরে সুকুমার কিছু একটা বলতে চাচ্ছে। যা শুনে শোভার খুব ভাল এবং সে সুকুমারের প্রতি মনোযোগী হয়ে উঠবে। কিছু একটা বলে সুকুমার এই নিঃশব্দতা ভাঙ্গতে । কিন্তু সে কোন কথাই খুঁজে পাচ্ছেনা।

"আমার মনে আছে যখন দাদা বাড়ীতে কারেন্ট চলে যেত তখন আমরা একে অপরকে কিছু একটা ম " শোভা বলে চলল। সুকুমার শোভার মুখ স্পষ্ট দেখতে পারছিলনা, কিন্তু তার কথার সুর শুনে র ঠিকই বুঝতে পারল শোভার চোখ মুখের ভাবটা এখন কেমন। শোভা যখন কোন স্মৃতি চারণ করে তার চোখ দুটো সরু হয়ে আসে। শোভা যেন ঐ ঘটনাটা তার চোখের সামনে এখনো দেখতে পাচ্ছে একটা অনুভূতি কাজ করে শোভার চোখে মুখে। এটা শোভার একটা অভ্যাস।

লতে ?" সুকুমার জিজ্ঞাসা করল।

"ঠিক মনে নেই। হয়তো কোন ছড়া, কোন কৌতুক অথবা কোন ঘটনা। আমি বুঝতাম না কেন যেন আত্মীয়-স্বজনরা আমার আমেরিকার বন্ধুদের নাম জিজ্ঞাসা করত। বুঝতাম না এতে তারা কি মজা আমার মনে আছে শেষ যে বার আমার খালার সাথে দেখা হয়েছিল তখন সে আমার সাথে টাকসন রী স্কুলে পড়ত চারটা মেয়ের কথা খুব জিজ্ঞাস করেছিল। আমার তো এখন তাদের কথা খুব একটা পরেনা ।

শোভার মত সুকুমার অতটা সময় ইন্ডিয়ায় কাটায়নি কখনো। সুকুমাররা নিউ হ্যাম্পশায়রি – এ ছিল। রর বাবা-মা প্রায়ই তাকে রেখেই ইন্ডিয়া যেত। প্রথম যেবার সুকুমার ইন্ডিয়া যায় সে বার তো সে যাচ্ছিল। সুকুমারের এমন আমাশয় হয়েছিল যে তার বাবা প্রচন্ড ভয় পেয়েছিলেন। এবার বুঝি ছেলেকে চানো যাবেনা এইভেবে। তারপর থেকে যতবার সুকুমারের বাবা-মা ইন্ডিয়ায় গিয়েছেন ততবার তাকে র্ড তার আংকেল-আন্টির কাছে রেখে গেছেন। সেসময় সুকুমার ছিল কিশোর। তার কলকাতা যাবার ই ছিল নৌকা ভ্রমন অথবা বেশী বেশী আইসক্রিম খাওয়া। ইন্ডিয়া সম্পর্কে সুকুমারের কৌতুহল বারে

ড়ার বই থেকে এমন ভাবে ইতিহাস পড়তো যেন সেটা আলাদা একটা বিষয়। ঐসব কথা চিন্তা করতে রতে এখন সেও ভাবে তারও ইন্ডিয়া নিয়ে ছোট বেলার অনেক স্মৃতি আছে। হঠাৎ করেই শোভা বলে "চল মরা একটা কাজ করি "

"কি কাজ?"

"চল এই অন্ধকারে আমরা একজন আর একজনকে কিছু বলি "

"মানে ! আমি তো কোন কৌতুক জানিনা"

না না কোন কৌতুক না,শোভা এক মিনিট ভেবে বলল ,

"এমন কিছু যা আগে কেউ কাউকে কখনও বলিনি।"

"ও! এটাতো আমরা আগে স্কুলে খেলতাম," সুকুমার বলল।

East West University
EAST WEST UNIVERSITY
LIBRARY
43, Mohakhali, C/A

"তুমি ভাবছ ট্রুথ এ্যান্ড ডেয়ার খেলার মত" কিন্তু এটা অন্য খেলা, শোভা ওয়াইনের গ্লাসে একটা মুক দিয়ে বলল।

"আমি প্রথম শুরু করছি "প্রথম যখন আমি তোমার ফ্ল্যাটে যাই তখন আমি তোমার এ্যাড্রেস বুকটা দখেছিলাম। দেখতে চাচ্ছিলাম আমার সম্পর্কে কিছু লেখা আছে কিনা। আমার মনে হয়েছিল আমরা দুই প্তাহে অনেকটাই কাছের হয়ে গিয়েছিলাম।

আমি তখন কোথায় ছিলাম" ?

"তুমি অন্যরুমে ফোনে কথা বলছিলে। খুব সম্ভবত তোমার মায়ের সাথে। আমি বোঝার চেষ্টা করছিলাম তুমি আমার সম্পর্কে কিছু বল কিনা"

"আমি কি কিছু বলেছিলাম?"

"না তুমিও কিছু বলনি আর আমিও কিছু জিজ্ঞাসা করিনি । এবার তুমি বলবে"।

সুকুমার বুঝতে পারছিলনা কি বলবে। শোভাও অধীর আগ্রহে অপেক্ষা করছে সুকুমারের কথা শোনার

। এবং সে দুজনেই বাঙ্গালী কবিদের একটি আবৃত্তি উৎসবে পাশাপাশি চেয়ারে বসে আবৃত্তি শুনছিল। অল্প ক্ষণের মধ্যেই সুকুমারের আর কবিতা শুনতে ভাল লাগছিল না। অন্যান্য যারা শ্রোতা ছিলেন তারাও খুব য় মনোযোগ দিয়ে শুনছিলেন না। সবাই যেন বসে থাকার জন্যই বসে আছেন। সুকুমার তার হাতে থাকা া সংবাদ পত্র পড়া আরম্ভ করল। সে বিভিন্ন দেশের আবহাওয়ার খবর পড়তে শুরু করল । ৯১$^{o}$ ছিল কাল সিংগাপুওে, ৫১$^{o}$ ছিল স্টোকহোমে। সুকুমার হঠাৎ করে বা দিকে তাকাতেই দেখতে পেল একজন ী মহিলা তার পাশে বসে আছে। মহিলাটি তার হাতের ফোলডারের পেছনে বাড়ীর সদাইয়ের লিষ্ট হন। সুকুমার হঠাৎই খেয়াল করল মহিলাটি খুবই সুন্দরী। পুরানো দিনের কথা ভাবতে ভাবতেই সুকুমার াকে বলল ঠিক আছে তাহলে শোন।

" প্রথম যে দিন আমরা ডিনার করার জন্য পর্তুগীজ রেস্টুরেন্টে গিয়েছিলাম সেদিন আমি এতটাই ছিলাম যে বেয়ারাকে টিপস দিতেই ভুলে গিয়েছিলাম। পরদিন সকালে আমি আবার ঐ রেস্টুরেন্টে এ ম্যানেজার কে জিজ্ঞাস করে ঐ বেয়ারার নামে ম্যানেজার এর কাছে টিপস্ বাবদ কিছু টাকা রেখে এসে ম"

"তুমি এতটা পথ ঘুরে আবার ঐ রেস্টুরেন্টে গিয়েছিলে শুধুমাত্র বেয়ারাকে টিপস দিতে ?"

"আমি ট্যাক্সি নিয়ে গিয়েছিলাম "

"তুমি কি বলবে কেন তুমি বেয়ারাকে টিপস দিতে ভুলে গেলে ?" শোভা অবাক হয়ে জিজ্ঞাসা করে।

মোমবাতিগুলো একে একে নিভে যাচ্ছে। সুকুমার অন্ধকারের মধ্যেও শোভার মুখ স্পষ্ট দেখতে ল। শোভা ডাগর ছলছল চোখ, ফ্যাকাশে ঠোঁট, মলিন চেহারা নিয়ে সুকুমারের উত্তরের অপেক্ষা করছে।

সুকুমার আজকাল খেয়াল করছে শোভার সেই সৌন্দর্য যা কিনা সুকুমারকে আকৃষ্ট করেছিল আজ যেন । মলিন হয়ে যাচ্ছে। শোভার আগে কখনোই কসমেটিকস্ ব্যবহার করতে হতোনা। কিন্তু এখন যেন খুব ী হয়ে গেছে কসমেটিকস্ ব্যবহার করাটা। শোভার সৌন্দর্য বাড়াবার জন্য নয়, এটা জরুরী, শোভার

"আমাদের খাওয়া শেষ হওয়ার পর আমার মধ্যে একটা অনুভূতি কাজ করছিল। আমার মনে হয়েছিল মাকে আমার বিয়ে করা উচিৎ " সুকুমার বলল। সুকুমার এমন ভাবে কথা গুলো বলল যা এর আগে নোই শোভার সামনে করেনি, "তখন আমার অবস্থা উন্মাদ এর মত ছিল।"

পরদিন রাতে শোভা অন্যান্য দিনের তুলনায় একটু আগেই ফিরল, সুকুমার বেঁচে যাওয়া ভেড়ার মাংস ম করে রেখেছে। যাতে তারা ৭টার সময় রাতের খাওয়া শেষ করতে পারে। সুকুমার সকালে কর্নারের কান থেকে মোমবাতি এবং ফ্লাসনাইটের ব্যাটারী কিনে এনেছে। সুকুমার আগে থেকেই কাউন্টার টপের র পেতলের তৈরী পদ্মফুলের মত একটা মোমদানীতে মোম সাজিয়ে রেখেছে। কিন্তু তারা খাওয়া শেষ ল খাবারের টেবিলের উপর ঝুলানো কপারের শেড দেওয়া একটা ঝুলানো ল্যাম্প এর নিচে ।

দুজনেই খাওয়া শেষ হওয়ার পর সুকুমার অবাক হয়ে দেখল শোভা নিজের প্লেটসহ সুকুমারের এটোঁ ট নিয়ে সিঙ্কের দিকে এগিয়ে যাচ্ছে । সুকুমার এটা আশা করেনি । সে ভেবেছিল খাওয়া শেষ করে শোভা তো লিভিং রুমে তার ফাইলের স্তুপের মধ্যে ফিরে যাবে । শোভার হাত থেকে প্লেট বাসন নিতে নিতে মার বলল এগুলো নিয়ে তোমার ভাবতে হবেনা। "ব্যাপারটা কেমন দেখায় না" শোভা স্পঞ্জে ডিটার্জেন্ট ত নিতে বলল এখনো ৮টাও বাজেনি। তুমি যাও আমি ধুয়ে রাখছি।

সুকুমারের বুক ধুক ধুক করছে। সারাটা দিন সুকুমারের মনে হয়েছে কখন লাইট চলে যাবে। মারের খালি মনে পরতে লাগল গতকাল রাতে শোভা যা বলেছিল তার এ্যাড্রেস বুক দেখার কথা, পুরোনো কথা মনে পরতেই ভাল লাগছে। ভাল লাগছে শোভা তখন কেমন ছিল এটা ভেবে। তাদের প্রথম দেখা কিছু ভাবতে ভাবতে সুকুমার খেয়াল করল দুজনেই সিঙ্কের কাছে পাশাপাশি দাঁড়িয়ে আছে। সামনের য়নায় দুজনকেই দেখা যাচ্ছে। সুকুমার কিছুটা লজ্জা পাচ্ছে। যেমনটা পেয়েছিল দুজনে প্রথম যখন শাপাশি আয়নার সামনে দাড়িয়ে ছিল।

সুকুমার মনে করতে চেষ্টা করল তারা শেষ কবে একসাথে ছবি তুলেছিল। দুজনে একসাথে কোথাও তে যাওয়া, কোন পার্টিতে যাওয়াতো তারা ছেড়ে দিয়েছে । সুকুমারের ক্যামেরায় শোভা যখন অন্তঃসত্ত্বা তখন সুকুমার কিছু ছবি তুলেছিল যা এখনো তেমনি আছে ডেভেলপ করা হয়নি।

প্লেট বাসন ধোয়া হয়ে গেলে সব গুছিয়ে দুজনেই হাত ধুয়ে মুছতে না মুছতেই লাইট চলে গেল। ারন ৮টা বেজে গেছে। লাইট চলে যেতেই পুরো বাড়ী অন্ধকারে ঢেকে গেল। সুকুমার মোমবাতিগুলো ালিয়ে দিল। মোমের আলো যেন দুজনের মধ্যকার অন্ধকারও দুর করে দিল।

"বাইরে মনে হয় এখনও গরম আছে, চল আমরা বাইরে গিয়ে বসি", শোভা বলল। দুজনেই একটি রে মোম তুলে নিয়ে বাইরে চলে এলো। বাইরে তখনও তুষার জমে আছে জায়গায় জায়গায়। তারপরও ত্যেকেই আজ ঘর থেকে বেরিয়ে এসেছে খোলা বাতাসে একটু ঘুরতে। ফ্ল্যাস লাইট হাতে এক জোড়া ম্পতি ওদের সামনে দিয়ে যাচ্ছিল ।

"আমরা লাইব্রেরীতে ব্রাউজ করতে যাচ্ছি " বলে একজন ধুসর চুলের লোক কথা বলে উঠল ওদের দ্দেশ্য করে । ভদ্রলোক তার স্ত্রীকে নিয়ে হাঁটছিলেন । তার স্ত্রী খুব শুকনো দেখে মনে হয় বাতাসের ধক্কায়ই ড়ে যাবে । মহিলাটি কুকুরের রাস ধরে আছে। গত সেপ্টেম্বরের ঘটনার পর সমবেদনা জানিয়ে শোভা এবং কুমারকে একটা র্কাড পাঠিয়েছিলেন। সুকুমরদের উদ্দেশ্য করে বলল আমি শুনেছি ঐ দিককার লাইন ঠিক য়ে গেছে ।

"ভাল কথা ,আর তা না হলে অন্ধকারেই আপনাদেরকে ব্রাউজিং করতে হবে" সুকুমারও হেসে জবাব ল। ওদের কথা শুনে মহিলাটি হেসে উঠল। হাসতে হাসতে বলল"যাবে আমাদের সাথে"

"না ধন্যবাদ " শোভা এবং সুকুমার একসাথে বলে উঠল। সুকুমার খুবই অবাক হল শোভার কথা ার কথা সাথে মিলে যাওয়ায় ।

সুকুমার ভাবছিল শোভা কি বলতে পারে ? যত আজেবাজে চিন্তা মাথায় ঘুরছে। হয়তো শোভা তার রোন ভালবাসার কথা বলবে। হয়তো সে বলবে ৩৫বছর বয়সে এখনও সে ছাত্র যা শোভার পছন্দ নয় । থবা শোভার মায়ের মত কটাক্য করে বলবে শোভার বাচ্চা হওয়ার সময় সুকুমারের বাল্টিমোরে থাকার া। যদিও সুকুমার জানে সত্যিটা কি। তারা দুজন দুজনকে বিশ্বাস করে। বাল্টিমোরে যাওয়ার জন্য ভাই তাকে উৎসাহীত করে ছিল । এ ছাড়া কি এমন কথা হতে পারে যা সুকুমারের অজানা ? শোভা যখন ায় তখন দু হাতের আঙ্গুল গুলো একটার সাথে আর একটা জড়িয়ে ঘুমায়। একবার একটা দুঃস্বপ্ন

াগা সবইতো সুকুমারের জানা । শোভাকে নিয়ে সুকুমার যখন হাসপাতাল থেকে ফিরে আসে ফিরেই পাগলের মত করতে থাকে। বই এর র‍্যাক থেকে বই, দেয়াল থেকে পেইন্টিং, জানালার ছোট টপগুলো, রান্নাঘরে ঝুলানো জিনিসপত্রগুলো সব ওলোট-পালোট করতে থাকে। এখানকার নে, ওখানকার জিনিস এখানে একটা হুরস্থুল অবস্থা। সুকুমার দূর থেকে শোভার কান্ড-কারখানা ক কিছু বলেনা। শোভা একসময় শান্ত হয়ে পরে এবং হলরুমে চলে আসে এবং কান্না শুরু করে

াগুলো চিন্তা করতে করতেই সুকুমার ঠান্ডা অনুভব করে। তাছাড়া সে চিন্তা করে অনেকক্ষণ তারা সে আছে কিন্তু কেউ কোন কথা বলছেনা। অথচ কিছু একটা বলা উচিত। এই কথা ভাবতে ভাই কথা বলা আরম্ভ করল।

ান তোমার মা এসে আমাদের সাথে ছিলেন, তখন একদিন আমাকে কাজের জন্য বাইরে থাকতে িয়ানের সাথে। তখন আমি এবং জিলিয়ান মিলে মার্টিনি খেয়েছিলাম।"

মার শোভার কথা শুনতে শুনতেই দেখল ওর চোয়ালের উপর একটি মশা বসেছে। সুকুমার সেই কথা চিন্তা করতে লাগল। সুকুমারের বাবা মারা যাওয়ার প্রায় ১২ বছর পর মাত্র ২ সপ্তাহের জন্য এসেছিল সুকুমার এবং শোভার কাছে থাকতে।

মারের মায়ের ইচ্ছা ছিল সবাই মিলে সুকুমারের বাবার স্মৃতিচারণ করবে। প্রতি রাতেই সুকুমারের বাবার প্রিয় খাবার রান্না করত। কিন্তু খেতে বসে তার এত খারাপ লাগত যে চোখ দিয়ে পানি তিনি কিছুই খেতে পারতেন না। শোভা স্বান্তনা দেবার জন্য শুধু মায়ের হাতটা শক্ত করে ধরে কিছুই বলতে পারত না।

া অবশ্য সুকুমারকে বলেছিল "ব্যাপারটা খুবই আবেগময়।"

"এবার তোমার পালা" শোভার কথায় সুকুমারের ধ্যান ভাঙল।

রাস্তার শেষ মাথা থেকে ড্রিল মেশিন এবং ইলেক্ট্রিশিয়ানদের চিৎকার চেচাঁমেচি শোনা যাচ্ছে।

অন্ধকারে আবছা আলোয় বাড়ীগুলোর ছায়া পরেছে রাস্তার উপর। মোমগুলো গলে গলে পরছে। রে এখনও গরম তারপরও চিমনিগুলো থেকে ধোঁয়া বের হতে শুরু করেছে।

সুকুমার বলতে শুরু করল, "আমি আমার কলেজের শেষ পরীক্ষার সময় নকল করেছিলাম।" আমার মারা যাবার কিছুদিন পরের কথা। আমার পাশে যে বসে ছিল সে একজন আমেরিকান। একটু পাগলের । সে বই খুলে লিখছিল সে উর্দু এবং সাংস্কৃত জানত। আমি কিছুতেই উদাহরণ হিসেবে গজলের লাইন করতে পারছিলাম না। আমি তার খাতা দেখে দেখে লিখেছিলাম।

এই ঘটনা প্রায় পনের বছর আগের। অথচ আজ ঘটনাটা বলতে পারায় সুকুমার অনেক হালকা ভব করছে।

শোভা সুকুমারের দিকে ফিরল। শোভা সুকুমারের মুখের দিকে তাকাল না। সুকুমার একটা চামড়ার পরে। দেখে মনেই হয়না যে ওটা জুতা মনে হয় স্লিপার। পেছনের দিকে পুরো সমান হয়ে গেছে। মার খেয়াল করল, কথাটা শোনার পর শোভার মধ্যে খুব একটা পরিবর্তন হলনা। শোভা সুকুমারের একটা নিজের হাতে তুলে নিল এবং চেপে ধরল। শোভা সুকুমারের কাছে সরে আসল এবং বলল "তোমাকে ত হবে না কেন তুমি এমন করেছিলে।"

তারা লাইট আসা পর্যন্ত প্রায় ৯টা পর্যন্ত একসাথে বসেছিল। লাইট আসার পর রাস্তায় কিছু লোক তে হাত তালি দিয়ে উঠল। ঘরে ঘরে টিভি চালু হয়ে গেল। ব্রাটফোর্ড আইসক্রিম খেতে খেতে বাড়ী ার সময় শোভাদের দেখে হাত নাড়াল। শোভারাও হাত নেড়ে উত্তর দিল। একটু পর শোভা এবং সুকুমার নেই উঠে দাড়াল ভেতরে যাবার জন্য। তখনও সুকুমারের হাত শোভার হাতে।

কোন কারণেই হোক কেমন করে যেন পরিবেশটা একটু অন্যরকম হয়ে গেছে। দুজন দুজনার কাছে

কটা ম্যাগাজিনে একজন মহিলার ছবি দেখে এমনই মুগ্ধ হয়েছিল যে, ম্যাগাজিন থেকে ছবিটি কেটে নিয়ে নেকদিন নিজের ডায়েরীর মধ্যে রেখে লুকিয়ে লুকিয়ে দেখত। অথবা সুকুমার কি শোভাকে জানাবে যে, ভা তাদের তৃতীয় বিবাহ বার্ষিকীতে যে হাফহাতা সোয়েটারটা উপহার দিয়েছিল সেটা আসলে হারায়নি। মার সেই সোয়েটারটা ফেরত দিয়ে টাকা নিয়ে বারে গিয়ে মদ খেয়েছে ? সুকুমার যখন বারে মদ্যপান ছিল নেশার মধ্যে সে বারটেনডারকে আপেক্ষ করে বলেছিল, "আমার স্ত্রীর বিবাহ বার্ষিকীতে আমাকে য়েটার উপহার দিয়েছে", বারটেন্ডার হেসে জিজ্ঞাসা করছিল "তুমি কি অন্য কিছু আশা করেছিলে ?

সুকুমার যে মহিলার ছবিটা নিজের কাছে রেখেছিল সে শোভার মতো এত সুন্দরী ছিল না। মহিলাটির নে ছিল সিকুয়েন্স বসানো ড্রেস। দেখতেও একটু অন্যরকম। মুখ দেখলেই বোঝা যায় একটু রগচটা নের এবং খুবই শুকনা একজন মহিলা, তার ছবিটাও এমন ছিল দেখে মনে হচ্ছিল নিজের কানে নিজেই মারতে চাইছে। ওটা ছিল একটা বিজ্ঞাপন। শোভা তখন অন্তঃসত্ত্বা। সুকুমার একদিন হঠাৎ করেই খেয়াল ল, শোভার পেট আস্তে আস্তে বড় হচ্ছে। একদিন শোভা এবং সুকুমার পাশাপাশি বিছানায় বসে আছে। ভা একটি ম্যাগাজিন পড়ছে আর সুকুমার শোভাকে শুয়ে শুয়ে দেখছে। সুকুমার হঠাৎ খেয়াল করল শোভা ই ম্যাগাজিনটাই পড়ছে যেটা থেকে সুকুমার সেই মডেল মহিলার ছবিটি কেটে নিয়েছিলো। সুকুমার ছবিটি টে ছিল খুব নিপুন ভাবে যাতে কেউ বুঝতে না পারে।সুকুমার প্রতি দিন একবার করে ছবিটা দেখত চুপি । এটা ছিল সুকুমারের ক্ষণিকের ভাললাগা যা ছিলো ক্ষণস্থায়ী। সুকুমার কিছু সময়ের জন্য পরস্ত্রীকাতর পরেছিলো তবে তা ছিলো খুবই অল্প সময়ের জন্য।

তৃতীয় দিন রাতে সুকুমার শোভাকে সোয়েটারের কথাটা বলল। ছবির কথাটা বলল চতুর্থ দিন রাতে। মারের কথা শুনে শোভার কোন প্রতিক্রিয়াই হলো না। শোভা শুধু শুনল, কিছু বলল না। সুকুমারের হাতটা জের হাতে নিয়ে শোভা চুপ করে বসেছিল। তৃতীয় রাতে শোভা সুকুমারকে বলল যে, একবার একটা ক্লাস য়ে সুকুমার তার ডিপার্টমেন্ট এর চেয়ারম্যান এর সাথে কথা বলছিল তখন সুকুমার নিজের গালে নিজেই চাপর মারছিল। কিছু কিছু ব্যাপার যা শোভার খুব বিরক্ত লাগত, তারপরও সে সুকুমারকে কিছুই বলতনা। মারকে তার মতো করেই চলতে দিত। চতুর্থ রাতে শোভা সুকুমারকে জানালো সুকুমারের একটা কবিতা ছাপা হয়েছিল উতথ্য ম্যাগাজিনে, শোভার একদম পছন্দ হয়নি। শোভার সাথে দেখা হওয়ার পর সুকুমার বিতাটা লিখেছিল। শোভার মতে কবিতাটা খুব আবেগপ্রবণ ছিল।

প্রতিদিন কারেন্ট চলে যাওয়ার পর পুরো বাড়ীটা যখন অন্ধকারে ঢেকে যায় তখন এমন একটা বেগময় পরিবেশের সৃষ্টি হয়। অন্ধকারে যেন দুজনের কথা বলার স্পৃহা বেড়ে যায়। তৃতীয় রাতে, খাওয়া য়ে তারা একসাথে সোফায় বসে।

অন্ধকারেই সুকুমার আনাড়ীর মতো শোভাকে চুমু খায় কপালে, চোখে মুখে। নিজের অজান্তেই কুমারের চোখ বন্ধ হয়ে আসে। সে জানে শোভাও তাকে আদর করবে। চতুর্থ রাতে তারা পায়ে পায়ে উপরে দের শোবার ঘরে চলে যায়। নিজেদের অজান্তেই দুজনে খুব অন্তরঙ্গ হয়ে পরে। সবকিছু ভুলে দুজন জনের প্রতি মগ্ন হয়ে পরে। শোভা নিঃশব্দে কাঁদতে কাঁদতে সুকুমারের নাম ধরে ডাকতে থাকে। অন্ধকারের ধ্যেই শোভা সুকুমারের মুখে হাত বুলিয়ে আদর করতে থাকে। এর মধ্যেই সুকুমার ভাবতে থাকে এরপরের তে যে শোভাকে কি বলবে।

কথাগুলো ভাবতে গিয়েই সুকুমার রোমাঞ্চিত হয়ে উঠে। সুকুমার এতই উত্তেজিত হয়ে ওঠে যে ভাকে আদর করতে করতে বলে, “আমাকে দুহাতে শক্ত করে জড়িয়ে ধর”। দুজন দুজনকে আদর করতে রতেই আলো চলে আসে। একসময় দুজনেই ঘুমিয়ে পরে।

পাঁচদিনের দিন সকালে সুকুমার চিঠির বক্সে আর একটি নোটিশ পেল। তাতে লেখা ছিল সময়মতই ইন ঠিক করে দেয়া হবে। সুকুমার খুবই মর্মাহত হল নোটিশটি পেয়ে। সে মনে মনে ঠিক করেছিল শোভার ন্য চিংড়ি মাছের মালাই কারী রাঁধবে। কিন্তু বাজারে গিয়েই তার রান্নার ইচ্ছাটা চলে গেল। চিংড়ি মাছ নতে গিয়ে দেখল মাছগুলো কেমন যেন ধূসর রং এর ছোট ছোট মাছ। নারকেলের দুধের টিনের গায়ে ধুলো া এবং দামও অতিরিক্ত। তারপরও সে কিছু মোমবাতি এবং দুবোতল ওয়াইন সহ বাকী জিনিসপত্র কিনে য়ে আসে।

শোভা সাড়ে সাতটার মধ্যেই বাড়ী ফিরে আসে। শোভা যখন নোটিশটি পড়ছিল তখন সুকুমার ভাকে উদ্দেশ্য করে বলল, “আমাদের খেলাটা এবার বোধয় শেষের পথে।” শোভা সুকুমারের দিকে কালো, বলল “তুমি চাইলে আলো নিভিয়ে মোমবাতি জ্বালাতে পারো।” শোভা আজ জীমে যায়নি। সে কটি রেইনকোট পরে আছে। তার মুখের মেক-আপ দেখেই বোঝা যাচ্ছে একটু আগেই ঠিক করা হয়েছে।

শোভা যখন কাপড় বদলাতে উপরে চলে গেল, সুকুমার কিছু ওয়াইন পান করল। থিলনিয়াস মক এর

শোভা নিচে আসার পর দুজনে চুপচাপ খেয়ে উঠল। শোভা সুকুমারকে কোন রকম ধন্যবাদ বা
বাদ জানালো না। তারা চুপচাপ খেয়ে উঠল একটা অন্ধকার রুমে শুধু মোমের আলোয়, তারা একটা
ন সময়ের মধ্যে কাটিয়েছে। দুজনে মিলে চিংড়ি মাছ পুরোটাই শেষ করে ফেলল। প্রথম ওয়াইনের বোতল
করে তারা দ্বিতীয় বোতল থেকে পান করতে লাগল।

শোভা এবং সুকুমার অনেকক্ষন বসেছিল। মোমগুলো গলে যাওয়া পর্যন্ত শোভা চুপ করে বসেছিল।
ভা এক চেয়ার থেকে আর এক চেয়ার এ এসে বলল সুকুমারের পাশে। সুকুমার ভাবছিল শোভা কিছু
ত চাচ্ছে। শোভা মোমবাতি নিভিয়ে লাইট জ্বালিয়ে দিল।

“আমাদের তো লাইট অফ করে রাখার কথা ছিল” সুকুমার বলল। শোভা তার প্লেটটা একপাশে
য়ে দুহাত টেবিলের উপর রেখে শোভা খুব নরম গলায় বলল, “আমি কিছু কথা বলতে চাইছি আর কথা
র সময় আলো থাকাটা জরুরী।”

সুকুমারের বুকের মধ্যে ধুক ধুক করতে লাগল। শোভা যেদিন প্রথম জানালো যে, মা হতে চলেছে,
র এমনি একটি পরিবেশ তৈরী হয়েছিল। শোভা খুব শান্ত গলায় সুকুমারকে এই একই কথা বলেছিল।
মার তখন টিভিতে বাস্কেটবল খেলা দেখছিল।

সুকুমার অবশ্য চাচ্ছিল না শোভা এখনই আবার গর্ভবতী হয়ে পড়ুক। যদি এখন এমন কোন খবর সে
ন অবশ্যই তাকে খুশি খুশি একটা ভাব করতে হবে। যা সে এখনই চাইছে না।

শোভা বলতে আরম্ভ করল,“আমি বেশ কিছুদিন ধরে একটা ফ্ল্যাট খুঁজছিলাম। আমি অবশ্য একটা
খুঁজে পেয়েছি।” শোভা সুকুমারের ঠিক পেছনে কিছু একটা দেখতে দেখতে কথাগুলো বলল। তার
নো দেখে মনে হচ্ছিল সুকুমারের বা কাধেঁর পেছনেই কিছু একটা দেখছিল। “এখানে কারোই দোষ
।” শোভা কথা বলে যাচ্ছিল। অনেক দিন তো একসাথে থাকা হল। এবার শোভা কিছুদিন একা থাকতে
ছ। শোভা কিছু টাকা সঞ্চয় করে রেখেছিল সিকিউরিটির জন্য। ফ্ল্যাটটি বেকন হিলে অফিসের খুব কাছে।
া হেটেই কাজে যেতে পারবে। আজ বাড়ী ফেরার আগে সে ফ্ল্যাটে ওঠার ব্যাপারে কাগজপত্রে সই করে
ছে।

East West University

শোভা সুকুমারের দিকে তাকাচ্ছিল না। কিন্তু সুকুমার তার মুখ দেখেই বুঝতে পারছিল এই কথাটা ‍গে শোভাকে বেশ কয়েক বার প্রস্তুতি নিতে হয়েছে। সুকুমার ভাবছে শোভা অনেকদিন ধরেই তাহলে র জন্য প্রস্তুতি নিচ্ছিল। ভাবতেই সুকুমারের খুব লাগছে। শোভা এতদিন ধরে ফ্ল্যাট খুঁজেছে। সেখানে ‍নি, হিটার, বিদ্যুৎ ও পানির বিল সবকিছুই ভাড়ার সাথেই কিনা তার খোঁজ-খবর নিয়েছে। একা ‍ব করেছে শোভা, সুকুমার এসবের কিছুই জানে না। শোভা আসলে এতদিন যা কিছু করেছে সবই কে ছেড়ে চলে যাবার অথবা ছেড়ে থাকার জন্য। সুকুমারের কথাগুলো ভাবতে খুবই খারাপ লাগছে। কেমন যেন অসহায় লাগছে। শোভা এই চারদিন ধরে চেষ্টা করে গেছে সুকুমারকে এই কথাগুলো ন্য। শোভা যে খেলার কথা বলেছিল তার উদ্দেশ্য ছিল এই কথা গুলো সুকুমারকে জানানো আর কিছু

এবার সুকুমারের পালা শোভাকে কিছু বলার। গত ছয় মাস ধরে সুকুমার চেষ্টা করেছে কথা গুলো ‍র জন্য। সে সব সময় চেয়েছে শোভাও যেন কথাগুলো জানতে না পারে। কারণ কথা গুলো জানলে ‍ব কষ্ট পাবে যা সুকুমার চাইছিল না। শোভা যখন আল্ট্রাসাউন্ড করেছিল ছয় মাসের সময়, তখন ক অনুরোধ করেছিল বাচ্চাটা ছেলে না মেয়ে তা বলার দরকার নাই। আসলে শোভা চাইছিল ব্যাপারটা ‍জ রাখতে সুকুমারও শোভার কথায় একমত ছিল।

সুকুমারকে সব জানানোর পর শোভা এক সময় বলল সে যা করতে যাচ্ছে ঠিকই করছে। দুজনের ‍লাদা থাকাটাই উচিত। নিজের সিদ্ধান্তের সে খুব খুশি। শোভা কেন এমন সিদ্ধান্ত নিল সুকুমারের খুবই রহস্যময় লাগছে। সুকুমার কোন কারণ খুঁজে পাচ্ছে না। সুকুমার ভাবতে লাগল সেই দিনটার ‍কুমার যখন বাল্টিমোর থেকে ফিরল তখন অনেক দেরি হয়ে গেছে। বাচ্চাটা মারা গেছে, শোভা ‍নিথর হয়ে হাসপাতালের বিছানায় শুয়ে আছে। সুকুমারের যদিও পৌঁছাতে দেরি হয়েছে কিন্তু সে তার ক দেখতে পেয়েছিল, কোলে নিয়ে অনেকটা সময় বুকে চেপে ধরে রেখেছিল। ডাক্তার বলেছিলেন ক কিছুটা সময় বাচ্চাটাকে আপনার কাছেই রাখুন এতে বাচ্চাকে মাটি দিতে কষ্ট কম হবে। শোভা কিছুই জানে না। সে তখন ঘুমাচ্ছিল। বাচ্চাটাকে গোসল করিয়ে কাফনে মোড়ানো হয়ে গিয়েছিল।

"আমাদের বাচ্চাটা ছিল ছেলে বাচ্চা" সুকুমার বলতে লাগল। "বাচ্চাটার গায়ের রং ছিল লাল। মাথা ‍লো চুল। তার ওজন হয়েছিল প্রায় ৫ পাউন্ড। সেও তোমার মতো হাত মুঠো করেছিল, যেমন তুমি ‍নোর সময় কর।"

শোভা এতক্ষনে সুকুমারের দিকে তাকালো। তার চোখ মুখে দুঃখের ছায়া ছড়িয়ে আছে। সুকুমার তার অনেক না বলা কথা শোভাকে বলেছে। পরীক্ষায় নকল করা , ম্যাগাজিন থেকে মহিলার ছবি কেটে নেয়া, সোয়েটার ফেরত দিয়ে ভরদুপুরে মদ খাওয়া, এ কদিনে সবই বলেছে। শুধু বলতে চায়নি হাসপাতালের অন্ধকার রুমে মৃত ছেলেকে বুকে জড়িয়ে থাকার কথা।

সুকুমার ততক্ষন পর্যন্ত বাচ্চাটাকে বুকে চেপে ধরেছিল যতক্ষন পর্যন্ত না নার্স এসে বাচ্চাটাকে নিয়ে গেল। বাচ্চাটার নিথর দেহ ছুঁয়েই সুকুমার নিজের সাথে নিজেই প্রতিজ্ঞা করেছিল যে কখনোই শোভাকে এই কথাগুলো জানাবে না। কারন শোভা খুব করে চেয়েছিল তাদের বাচ্চাটা ছেলে হবে না মেয়ে হবে তা সারপ্রাইজ রাখতে। সুকুমার নিজের অজান্তেই আজ কথাগুলো বলে ফেলল।

কথাগুলো বলে সুকুমার নিজের প্লেট, শোভার প্লেট এবং অন্যান্য জিনিস নিয়ে উঠে সিঙ্ক এর দিকে চলে গেল। সুকুমার বাসনগুলো না ধুয়ে জানালা দিয়ে বাইরে তাকিয়ে রইল। বাইরে এখনও গরম। সে দেখতে পেল ব্রাডফোর্ডস দম্পতি হাতে হাত রেখে হাঁটছিল। এক সময় সুকুমার দেখল তারা নিজেদের রুমে চলে গেল এবং চারিদিক অন্ধকার হয়ে গেল। সুকুমার ঐদিকে তাকিয়ে দাড়িয়ে রইল। শোভা উঠে গিয়ে আলো নিভিয়ে দিল। আলো নিভিয়ে শোভা আবার টেবিলে এসে বসল। একটু পর সুকুমার শোভার পাশে এসে বসল। দুজনেই নিঃশব্দে কাঁদতে লাগল। আজ দুজনেরই অনেক অজানা কথা জানা হয়ে গেল।

# BIBLIOGRAPHY


latim, Basil and Munday, Jeremy. Translation: An advanced recourse ook.Routledge.2001.

www.jhumpalahiri.net

http://en.wikipedia.org/wiki/Jhumpa_Lahiri



East West University
EAST WEST
LIBRARY
43, Mohakhali, C/A